

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

১৬: ঈমানের রুকন কয়টি ও কি কি?

ঈমানের রুকন ৬টি। সেগুলি হচ্ছে, আল্লাহ্র প্রতি ঈমান, তাঁর ফেরেশতামণ্ডলীর প্রতি ঈমান, তাঁর কিতাবসমূহের প্রতি ঈমান, তাঁর রাসূলগণের প্রতি ঈমান, আখেরাতের প্রতি ঈমান এবং তারুদীরের ভাল-মন্দের প্রতি ঈমান। কুরআনুল কারীম এবং সহীহ হাদীসের বক্তব্য অনুযায়ী উক্ত রুকনসমূহের প্রত্যেকটির প্রতি ঈমান না আনা পর্যন্ত কারো ঈমান পূর্ণ হবে না। যে ব্যক্তি এগুলির কোনো একটিকে অস্বীকার করবে, সে ঈমানের গণ্ডি থেকে বের হয়ে যাবে। মহান আল্লাহ বলেন,

﴿ ءَامَنَ ٱلرَّسُولُ بِمَآ أُنزِلَ إِلَيهِ مِن رَّبِهِ وَٱلهَمُواهِمِنُونَ كُلُّ ءَامَنَ بِٱللَّهِ وَمَلَّئِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ لَا نُفَرِقُ السَّمِعِ اللَّهِ وَالسَّمِعِ اللَّهِ وَالسَّمِعِ اللَّهِ وَالسَّمِعِ اللَّهِ وَالسَّمِعِ اللَّهِ وَالسَّمِعِ اللَّهُ وَأَطَعِ اللَّهُ عَفْارَانَكَ رَبَّنَا وَإِلَيهَ كَ ٱلسَّمَعِيرُ ٢٨٥ ﴾ [البقرة: ٢٨٥]

"রাসূলের নিকট তাঁর প্রতিপালকের পক্ষ থেকে যে অহি অবতীর্ণ হয়েছে, তাকে তিনি এবং মুমিনগণ মনেপ্রাণে বিশ্বাস করেছেন। তাঁরা সবাই ঈমান এনেছেন আল্লাহ্র প্রতি, তাঁর ফেরেশতামণ্ডলীর প্রতি, তাঁর কিতাবসমূহের প্রতি এবং তাঁর রাসূলগণের প্রতি। (তাঁরা বলে,) আমরা তাঁর রাসূলগণের মধ্যে কোন তারতম্য করি না। তাঁরা বলে, আমরা শুনেছি এবং মেনে নিয়েছি। হে আমাদের পালনকর্তা! আমরা আপনার কাছে ক্ষমা চাই এবং আপনারই নিকট প্রত্যাবর্তন করতে হবে" (বাকারাহ ২৮৫)।

তাছাড়া রাসুল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-কে ঈমান সম্পর্কে জিজেস করা হলে তিনি বলেন,

«أَنْ تُوْمِنَ بِاللَّهِ وَمَلائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الآخِرِ وَتُوْمِنَ بِالْقَدَرِ خَيْرِهِ وَشَرِّهِ»

"ঈমান হচ্ছে, আল্লাহ্র প্রতি, তাঁর ফেরেশতামণ্ডলীর প্রতি, তাঁর কিতাবসমূহের প্রতি, তাঁর রাসূলগণের প্রতি এবং তারুদীরের ভাল-মন্দের প্রতি বিশ্বাস স্থাপন করা" (মুসলিম)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1501

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন